Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/৫৭ তারিখঃ ২৭/০২/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বিদ্যমান Bond Licence সুবিধার আওতায় Continuation বা Extension Bond ব্যবস্থার মাধ্যমে তিনটি স্থানে অবস্থিত চলমান তিনটি ফ্যাক্টরির অনুমোদন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং-০৬/২০২৩/কাস্টমস/৮৮, তারিখ: ১২/০২/২০২৩।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারন আদেশ নং-১২/২০০৮/শুল্ক/৪৩৯(১-১৫),তারিখ: ১০/০৬/২০০৮।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানাচ্ছি যে, Continuous Bond ব্যবস্থার মাধ্যমে একই Bond Licence এর আওতায় ২টি ফ্যাক্টরির পরিবর্তে ৩টি ফ্যাক্টরির মধ্যে Continuation বা Extension এর সুবিধা প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত 'ক' সাধারন আদেশ জারী করেছে। যা আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, পূর্বে সূত্রোক্ত 'খ' সাধারন আদেশের মাধ্যমে ২০০৮ সালে চলমান ২টি ফ্যাক্টরির জন্য এ সুবিধা প্রদান করা হয়েছিল।

রপ্তানি বাণিজ্যের প্রসারের কারণে ২টি'র অধিক ফ্যাক্টরির মধ্যে Continuous Bond সুবিধা চালু করার কার্যক্রম দীর্ঘদিন ধরে অব্যাহত ছিল। বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে উক্ত সাধারন আদেশ জারী করা হয়েছে।

বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বিভিন্ন খরচ হ্রাস, বার্ষিক অডিট ও বন্ড সংক্রান্ত অন্যান্য কার্যক্রম এবং উৎপাদন প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক বাজারে রপ্তানি বাণিজ্যের সক্ষমতা বজায় রাখার জন্য এ সুবিধা সহায়ক ভূমিকা পালন করবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
**আগারগাঁও, শেরে বাংলা নগর,** ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

সাধারণ আদেশ নং- ০৬/২০২৩/কাস্টমস/৮৮ তারিখঃ ১২/০২/২০২৩ খ্রিঃ

**বিষয় ঃ বিদ্যমান Bond সুবিধার Continuation বা extension প্রসঙ্গে।**

The Customs Act, 1969 এর Section-13 এর Sub Section-(2) এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড এর ১০.০৬.২০০৮ খ্রি: তারিখে জারীকৃত সাধারণ আদেশ নং-১২/২০০৮/শুল্ক/৪৩৯(১-১৫) এর অনুচ্ছেদ-২ এর শর্ত (২) এর পরিবর্তে নিম্নরুপ শর্ত (২) প্রতিস্থাপন করা হলো, যথা:-

"একই Bond Licence এর আওতায় সর্বোচ্চ ০৩ (তিন) টি স্থানে অবস্থিত চলমান ০৩ (তিন) টি ফ্যাক্টরির জন্য এ সুবিধা প্রযোজ্য হবে"

০২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**স্বাক্ষরিত**
**১২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।**
আবুল বাসার মোঃ শফিকুর রহমান
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল- ssbondnbr@gmail.com

প্রাপক,

**উপ-পরিচালক**
**বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস**
**তেজগাঁও, ঢাকা।**
**(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য)**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.১৮/ তারিখঃ ১২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।
৪-৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট।
১০-১২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
১৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
১৫। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ঢাকা।
১৬। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।

MEA Dhaka
Secretary General
Accounts
Admin/HR
Arbitration
C & M
CMC
Customs
Fire
Fire & Safety
Gas & Electricity
Health

১৭। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৮। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।

১৯। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা) ১৩/এ সোনাগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।

২০। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।

২১। সভাপতি, বাংলাদেশ ট্যানারি এসোসিয়েশন (বিটিএ), ঢাকা।

২২। সভাপতি, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসাসিয়েশন অব বাংলাদেশ।

২৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।

২৪-২৫। অফিস কপি/গার্ড কপি।

**আবুল বাসার মোঃ শফিকুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা

সাধারণ আদেশ নং-১২/২০০৮/শুল্ক/৪৩৯(১-১৫) তারিখ ১০.০৬.২০০৮

বিষয় : বিদ্যমান **Bond** সুবিধার **Continuation** বা **extension** প্রসঙ্গে।

শতভাগ রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানসমূহের রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য রপ্তানিমুখী প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন সংগঠনের পক্ষ হতে একই মালিকানাধীন/ একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরের উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল বন্ডেড প্রতিষ্ঠানের অংশ হিসেবে বিবেচনা করার অর্থাৎ বিদ্যমান Bond সুবিধার Continuation বা extension হিসেবে বিবেচনার আবেদন জানানো হয়ে আসছে। বিজিএমইএ ও বিকেএমইএসহ অন্যান্য সংগঠনের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আলোচ্য বিষয়টি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়েছে।

০২। সার্বিক পর্যালোচনায় প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক বাজারে টিকে থাকার স্বার্থে ও রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে বাস্তবতার প্রেক্ষাপটে নিম্নবর্ণিত শর্তে Continuous Bond সুবিধা প্রদানের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করেছে, যথা:

(১) একই মালিকানাধীন বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;

(২) একই Bond licence এর আওতায় সর্বোচ্চ দুটি স্থানে অবস্থিত চলমান ২টি ফ্যাক্টরির জন্য এ সুবিধা প্রযোজ্য হবে;

(৩) নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যে ধরনের সতর্কতা বা যাচাইমূলক ব্যবস্থগ্রহণ করা হয় এ ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক কমিশনার (বন্ড) সন্তুষ্ট হলে তিনি এ ধরনের Continuous Bond এর অনুমতি প্রদান করতে পারবেন;

[1][(৪) নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিলেন, হোম টেক্সটাইল খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;]

(৫) এ সুবিধা বন্ড কমিশনারেটের আওতায় মূল প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার radious এর মধ্যে যে সকল এলাকায় BGMEA, BKMEA, BTTLMEA, BTMA ভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে শুধু সেসব এলাকায় Continuous বন্ড সুবিধা প্রদান করা যাবে;] এবং

(৬) Continuous/Extended Bond সুবিধা প্রাপ্ত ফ্যাক্টরিটি মূল বন্ড লাইসেন্সের আওতাধীন হলেও সম্পূর্ণ পৃথক পৃথক প্রতিষ্ঠান/ফ্যাক্টরিতে যেভাবে পৃথক হিসাব খাতা/রেজিস্টার, দলিলাদি সংরক্ষণ, আনুষ্ঠানিকভাবে সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করতে হয় Continuous Bond এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রতিপালনীয় হবে।

(ড. মো: সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

উৎস: অফিস কপি।